



## প্রেস বিজ্ঞপ্তি

### প্রধানমন্ত্রীর জন্মদিনে অটিজম শিশুদের নিয়ে “চিত্রাঙ্কন প্রতিযোগিতা”

■ ইপনা, বিএসএমএমইউ; ঢাকা, ২৮ সেপ্টেম্বর ২০২১

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছার সুযোগ্য কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫ তম শুভ জন্মদিন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর ‘ইনস্টিটিউট অব পেডিয়াট্রিক নিউরোডিজঅর্ডার এন্ড অটিজম (ইপনা)’-এর আয়োজনে ইপনা অটিজম স্কুলের শিক্ষার্থীদের নিয়ে ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় ইপনার ‘এফ’-ব্লকে অটিজম স্কুলে একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

এসব বিশেষ শিশুদের মাঝে বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনা সম্পর্কে ধারণা দেয়া ছিলো এ কর্মসূচীর লক্ষ্য। ২৮ সেপ্টেম্বর ২০২১, মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকা থেকে অনলাইনে আরম্ভ হওয়া এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ ছয়েফ উদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ একেএম মোশাররফ হোসেন, উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ জাহিদ হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোহাম্মদ আতিকুর রহমান, প্রক্টর অধ্যাপক ডাঃ মোঃ হাবিবুর রহমান, প্রভোস্ট প্রফেসর ডা. এসএম মোস্তফা জামান, ইপনার উপ-পরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ গোপেন কুমার কুদ্দু, ইপনার উপ-পরিচালক (একাডেমিক) সহযোগী অধ্যাপক ডাঃ কানিজ ফাতেমা এবং সহযোগী অধ্যাপক ডাঃ সৈয়দা তাবাসসুম আলম প্রমুখ।

ইপনার পরিচালক ও ডীন, শিশু অনুষদ অধ্যাপক ডাঃ শাহীন আখতারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইপনা’র মেডিক্যাল অফিসার ডা. তনিমা জহির।

অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে উপাচার্য অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, আজকের বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে সফলভাবে উপস্থাপন করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নতুন প্রজন্মকে তার সংগ্রামের কাহিনী জানাতে হবে। জন্মদিনে তার প্রতি অজস্র শুভেচ্ছা জানিয়ে তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর ধারাবাহিকতায় তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাও শিশুদের প্রতি যত্নশীল বিশেষ করে সকল প্রতিবন্ধী ও বিশেষ শিশুদের প্রতি। শুধু তা-ই নয়, বঙ্গবন্ধুর সুযোগ্য দৌহিত্র সায়মা ওয়াজেদ হোসেন অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যায় আক্রান্ত শিশুদের বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অবদান রেখে চলেছেন। তিনি ইপনা প্রতিষ্ঠায়ও তার ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

সভাপতির বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপনকালে ইপনা’র পরিচালক ও শিশু অনুষদের ডীন অধ্যাপক শাহীন আখতার বলেন, বঙ্গবন্ধুর রক্তের উত্তরাধিকারী মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা দেশের সার্বিক উন্নয়নযুক্ত নিজেকে উৎসর্গ করার পাশাপাশি নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজসহ অন্যান্য প্রতিবন্ধী জনগণের জন্য যুগোপযোগী আইন প্রণয়ন ও তা বাস্তবায়ন করা, শিক্ষা, কর্মসংস্থান, চলাফেরা, যোগাযোগ সহজ করা এবং তাদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। ভালবাসা, মমতা আর স্নেহ দিয়ে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন এই সমস্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সমাজের মূলধারায় ফিরিয়ে আনার প্রত্যয়ই হোক প্রধানমন্ত্রীর জন্মদিনে আমাদের অঙ্গীকার।

অনুষ্ঠান শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করা হয় এবং পুরস্কার প্রদান করা হয়।

এমদাদুল হক হাওলাদার

মিডিয়া ও পাবলিকেশন অফিসার

ইনস্টিটিউট অব পেডিয়াট্রিক নিউরোডিজঅর্ডার এন্ড অটিজম (ইপনা)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

শাহবাগ, ঢাকা-১০০০